

বোয়িংয়ের বিক্রি বেড়েছে ৫৭ শতাংশ

- A Monitor Desk Report

Date: 31 January, 2026



ঢাকাঃ ২০২৫ সালের চতুর্থ প্রান্তিকে (অক্টোবর-ডিসেম্বর) মার্কিন উড়োজাহাজ নির্মাতা বোয়িংয়ের বিক্রি বেড়েছে ৫৭ শতাংশ।

বিশ্লেষকদের পূর্বাভাস ছাড়িয়ে ২ হাজার ৩৯০ কোটি ডলার আয় করেছে কোম্পানিটি।

এছাড়া বছরজুড়ে ২০১৮ সালের পর সর্বোচ্চসংখ্যক উড়োজাহাজ হস্তান্তর করেছে বোয়িং, একে কয়েক বছর ধরে সংকটে থাকা কোম্পানিটির ঘুরে দাঁড়ানোর ইঙ্গিত বলে মন্তব্য করছেন সংশ্লিষ্টরা।

আর্থিক প্রতিবেদন প্রকাশের পর কর্মীদের উদ্দেশে বোয়িংয়ের সিইও কেলি অর্টবার্গ বলেন, ‘২০২৬ সাল নিয়ে আশাবাদী হওয়ার মতো অনেক কিছু রয়েছে।’

-B